অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ফ্লু-যুক্ত হাসপাতালে ভর্তি হওয়ায় স্বাস্থ্য সুবিধার বর্ধিত প্রস্তুতি মনিটরিং সক্রিয় করতে গভর্নর স্টেট হেলথ ডিপার্টমেন্টকে (STATE HEALTH DEPARTMENT) নির্দেশ দিয়েছেন

ফ্লু মৌসুমের তীব্রতা বাড়ার সাথে সাথে নিউ ইয়র্কের অধিবাসীদের সুরক্ষায় সহায়তা করার জন্য হাসপাতালগুলির প্রয়োজনীয় নির্দেশিকা এবং সংস্থান রয়েছে তা হেলথ ডিপার্টমেন্টকে নিশ্চিত করতে হবে

ল্যাবরেটরি-নিশ্চিত ফ্লু কেসগুলো এবং ফ্লু-সংক্রান্ত হাসপাতালে ভর্তি সাম্প্রতিক রিপোর্টে অবিরত উঠছে

গত সপ্তাহে 1,964 জন নিউ ইয়র্কের অধিবাসীকে ল্যাব-নিশ্চিত ইনফ্লুয়েঞ্জা নিয়ে হাসপাতালে ভর্তি ভর্তি করা হয়েছিল যা আগের সপ্তাহ থেকে 34 শতাংশ বেশি

আপনার কাছাকাছি ফ্লু শট পেতে পারেন এমন স্থানগুলো সন্ধান করুন এখানে

ল্যাবরেটরি-নিশ্চিত ফ্লু কেসগুলো এবং ফ্লু-সংক্রান্ত সমস্যায় হাসপাতালে ভর্তি করার সংখ্যা স্টেটজুড়ে ক্রমাগত বৃদ্ধি অব্যাহত থাকায়, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্টকে ফ্লু মৌসুমের অবশিষ্ট অংশের জন্য স্বাস্থ্যসেবা সুবিধা নিশ্চিত করতে অতিরিক্ত পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছেন। স্বাস্থ্য জরুরি প্রতিক্রিয়া ডেটা ব্যবস্থার (Health Emergency Response Data System, HERDS) মাধ্যমে হাসপাতালগুলোর বর্ধিত নজরদারি শুরু করার জন্য গভর্নর নির্দেশ দেন যাতে হাসপাতালে ভর্তি হওয়া সাম্প্রতিক প্রবাহ মোকাবিলার জন্য প্রয়োজনীয় সক্ষমতা, পথনির্দেশ ও সংস্থান থাকে।

"ফ্লু আক্রান্ত রোগির সংখ্যা এবং ফ্লু আক্রান্ত জনিত কারণে হাসপাতালে ভর্তি হওয়া অব্যাহত থাকায় আমি ডিপার্টমেন্ট অব হেলথকে নির্দেশনা দিয়েছি যে আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা রোগীদের উপচে পড়া জনিত সমস্যা মোকাবেলায় প্রতিটি সরঞ্জামই পর্যাপ্ত ও প্রস্তুত রয়েছে তা নিশ্চিত করা," **গভর্নর কুওমো বলেন।** "যখন দাতাগণ ফ্লু মৌসুমে বিভিন্ন সমস্যাতে এর প্রতিক্রিয়ায় অতিরিক্ত পদক্ষেপ নিচ্ছে তখন নিউ ইয়র্কের অধিবাসীগণ এখনও ফ্লু শট পেয়ে নিজেদেরকে এবং অন্যদের রক্ষা করতে পারে।"

সাম্প্রতিক ইনফ্লুয়েঞ্জা নজরদারির রিপোর্টে ফ্লু-বিষয়ক কেস এবং ফ্লু-সংক্রান্ত কারণে হাসপাতালে ভর্তির ক্ষেত্রে আরও একটি তীব্র বৃদ্ধি দেখানো হয়েছে। গত সপ্তাহে 1,964 জন নিউ ইয়র্কবাসী ল্যাব-নিশ্চিত ইনফ্লুয়েঞ্জা নিয়ে হাসপাতালে ভর্তি হয় যা আগের সপ্তাহের থেকে 34 শতাংশ বেশি। এই মৌসুমে 5,694 জনকে ফ্লু-আক্রান্ত রোগীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়াও, গত সপ্তাহে 10,085 জনের ল্যাবরেটরি-নিশ্চিত ফ্লু-এর ঘটনা স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের পক্ষ থেকে জানানো হয়েছিল যা সপ্তাহ খানেক আগের থেকে নয় শতাংশ বৃদ্ধি পেয়েছে। চলতি বছরে একটি ফ্লুসম্পর্কিত পেডিয়াট্রিক মৃত্যুর পাশাপাশি 32,848 জন ল্যাব-নিশ্চিত রোগির রিপোর্ট করা হয়েছিল।

HERDS ব্যবহার করে, নিউ ইয়র্ক স্টেট এর হেলথকেয়ার ফ্যাসিলিটিসগুলোকে প্রত্যেক সপ্তাহে বিভিন্ন বিভাগে ফ্লু-সংক্রান্ত তথ্য জানাতে হবে, যার মধ্যে রয়েছে রোগীর যন্ত্রে ইউনিটের ধরন অনুযায়ী তাদের ধারণক্ষমতা, তারা তাদের বর্ধিত পরিকল্পনা সক্রিয় করেছে কি না এবং তাদের কাছে অন্যান্য তথ্য ছাড়াও পর্যাপ্ত ভেন্টিলেটর ও অ্যান্টিভাইরাল রয়েছে কি না।

গত সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে ফ্লু-এর সক্রিয়তা বৃদ্ধির কারণে স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থাগুলিকে সতর্ক করে স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ স্টেটওয়াইড স্বাস্থ্য পরামর্শক নির্দেশিকা জারি করেছে । এই উপদেষ্টা ইনফ্লুয়েঞ্জার বিস্তার রোধে সাহায্য করার জন্য রোগীদের টিকা পাওয়ার কার্যকারিতা তুলে ধরতে সরবরাহকারীদের উৎসাহিত করেন। ফ্লু টিকার কার্যকারিতা পরিবর্তিত হতে পারে তবে এই বছরের ফ্লু ভ্যাকসিন এই মৌসুমে যে ধরনের ফ্লু ভাইরাস ছড়িয়ে পড়ছে তার বিরুদ্ধে আরো কার্যকর হওয়া সম্ভব, যেহেতু ফ্লুর টিকা ইনফ্লুয়েঞ্জা A (H1) এবং B ভাইরাসের বিরুদ্ধে সবচেয়ে ভালো কাজ করে।

স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকের বলেছেন, "যেহেতু আমাদের হাসপাতালগুলো ফ্লু-সংক্রান্ত সমস্যায় হাসপাতালে ভর্তি হওয়ার ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন করেছে তাই আমরা তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছি যাতে তারা এই ফ্লু মৌসুমের চাহিদা পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করে। হাসপাতালে ভর্তি থাকা লোকজনের এই অভিযানের ফলে এখন ফ্লু-এর শট পাওয়ার গুরুত্বে আরও বেশি জোর দেয়।"

ল্যাব-নিশ্চিত ফ্লু-আক্রান্ত রোগির সংখ্যা হাসপাতালে ভর্তির সর্বশেষ বৃদ্ধি ঘটে নিউ ইয়র্ক স্টেস্টে ডা: জুকারের এই গত ডিসেম্বরে ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব ঘোষণা করার পর থেকে। এই ঘোষণায় রোগীরা সাধারণত উপস্থিত থাকে এমন জায়গাগুলোতে ইনফ্লুয়েঞ্জা বিরোধী টিকা না নেওয়া স্বাস্থকর্মীদের সার্জিকাল বা প্রসিডিউরাল মাস্ক পরিধান করতে হবে এমন একটি নিয়মকে কার্যকর করেছে।

নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকারে (New York State Flu Tracker) ইনফ্লুয়েঞ্জা সক্রিয়তা ডেটা পাওয়া যায়। ফ্লু ট্র্যাকার নিউ ইয়র্ক স্টেট হেলথ কানেক্টরের (New York State Health Connector)-এর একটি ড্যাশবোর্ড যেটি স্থানীয়, আঞ্চলিক এবং স্টেট জুড়ে ইনফ্লুয়েঞ্জার সক্রিয়তা সম্পর্কে

সময়োপযোগী তথ্য প্রদান করে। আপনি কীভাবে নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকার ব্যবহার করতে পারেন তার একটি ভিডিও প্রদর্শনীর জন্য এখানে ক্লিক করুন।

দ্য স্টেট হেলথ ডিপার্টমেন্ট সুপারিশ করে এবং অনুরোধ করে যে ছয় মাস বা তার বেশি বয়সী প্রত্যেককে ইনফ্লুয়েঞ্জার একটি ভ্যাকসিন গ্রহণ করা উচিত। ইনফ্লুয়েঞ্জাজনিত জটিলতার উচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জন্য, ভ্যাকসিনটি বিশেষত গুরুত্বপূর্ণ, যেমন 2 বছরের কম বয়সী শিশু, গর্ভবতী মহিলা এবং 65 বছরের বেশি বয়স্ক প্রাপ্তবয়স্করা। এছাড়াও হাঁপানি ও হৃদরোগের মত আগে থেকেই সমস্যা থাকা মানুষজন ব্যাপক ঝুঁকিতে রয়েছে, এর পাশাপাশি কিমোথেরাপি বা দীর্ঘস্থায়ী স্টেরয়েড ব্যবহারের মত রোগ বা ঔষধের কারণে দূর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা থাকা ব্যক্তিরাও ঝুঁকিতে রয়েছেন। যেহেতু ইনফ্লুয়েঞ্জা ভাইরাস কাশি বা হাঁচি দিয়ে সহজেই ছড়িয়ে পড়ে, তাই পরিবারের সদস্যরা এবং উচ্চ ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের সাথে নিয়মিত যোগাযোগে থাকা লোকেদের জন্য ইনফ্লুয়েঞ্জার একটি টিকা নেয়াও গুরুত্বপূর্ণ।

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention) প্রতিবছর ইনফ্লুয়েঞ্জা-সংশ্লিষ্ট অসুস্থতা থেকে রক্ষা করতে সেই বছরের ভ্যাকসিন কতটা কার্যকর তা নির্ধারণের উদ্দেশ্যে গবেষনা করে থাকে। গবেষণায় দেখা যায়, জনস্বাস্থ্য সুরক্ষায় এই ভ্যাকসিন সবচেয়ে কার্যকর উপায়। উপরন্তু, গবেষণায় দেখা যায় যে কোনো ব্যক্তি যিনি টিকা গ্রহণ করেছেন কিন্তু এরপরেও ইনফ্লুয়েঞ্জায় সংক্রমিত হয়েছেন, এমন পরিস্থিতিতে ভ্যাকসিন কিছু কিছু নির্দিষ্ট ক্ষেত্রে অসুস্থতাকে হালকা করে দিতে পারে।

অধিকাংশ স্বাস্থ্য বীমা পরিকল্পনায় ইনফ্লুয়েঞ্জা টিকা অন্তর্ভুক্ত। স্বাস্থ্য বিমা নেইএমন ব্যক্তি এবং পরিবার বিনামূল্যে বা স্বল্প মূল্যের টিকা দেওয়ার জন্য স্থানীয় ক্লিনিক অনুষ্ঠিত হবে কিনা তা জানতে তাদের কাউন্টি স্বাস্থ্য দপ্তরের সাথে আলোচনা করা উচিত। দুবছর বা তার বেশি বয়সী শিশু এবং প্রাপ্তবয়স্করা স্থানীয় ফার্মাসিতেও তাদের ইনফ্লুয়েঞ্জা টিকা নিতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটে কীভাবে এটি পর্যবেক্ষণ করা হয় তা সহ ইনফ্লুয়েঞ্জা সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য, ডিপার্টমেন্ট অব হেলথের ওয়েব পেজ ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন